

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং
শিক্ষা ভবন, ঢাকা



স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫৮.০০১.১৯. ২৬২

তারিখঃ ০৯/১০/২০১৯খ্রিঃ

বিষয়: মাঠ পর্যায়ের সকল শিক্ষা কার্যালয়ের ই-নথি কার্যক্রম বাস্তবায়ন ও এর অগ্রগতির প্রতিবেদন প্রেরণ

সূত্র: ৩৭.০০.০০০০.০২৩.৯৯.০০৩.১৮.৩৮, তারিখঃ ১৬/০৫/২০১৯খ্রিঃ (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়)
৩৭.০২.০০০০.১১৬.৪৩.০০১.১৭.৬২, তারিখঃ ০১/০৮/২০১৯খ্রিঃ (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে বিগত ১৩/০৫/২০১৯ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে অনুষ্ঠিত 'ই-নথি কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা' সংক্রান্ত সভায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল শিক্ষা কার্যালয়ে ই-নথি সিস্টেম কার্যক্রম মনিটরিং এর জন্য মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং কে দায়িত্ব প্রদানের করা হয়।

এমতাবস্থায় তাঁর কার্যালয়ে শতভাগ ই-নথি কার্যক্রম বাস্তবায়ন করা এবং এর অগ্রগতির প্রতিবেদন (মাসে কয়টি কার্যক্রম ই-নথির মাধ্যমে চলমান) এর সফট কপি পত্র জারির ৭ কর্মদিবসের মধ্যে director.new@gmail.com এ প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের অনুলিপি
২. মাউশি অধিদপ্তরের পত্রের অনুলিপি

স্বাক্ষরিত

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বাংলাদেশ, ঢাকা

আঞ্চলিক পরিচালক (সকল)
জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)

সদয় অবগতি ও কার্যার্থের জন্য বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ২। পরিচালক (মাধ্যমিক), মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ, ঢাকা
- ৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ, ঢাকা
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ, ঢাকা
- ৬। পিএটু, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৭। সংরক্ষণ নথি।

০৭.১০.২০১৭

প্রফেসর মো: আমির হোসেন

পরিচালক

মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশান উইং

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বাংলাদেশ ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৬.৪৩.০০১.১৭.৬২

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৬

০১ আগস্ট ২০১৯

বিষয়: ই-নথি কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০২৩.৯৯.০০৩.১৮-৩৮, তারিখ : ১৬/০৫/২০১৯
খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিগত ১৩/০৫/২০১৯ খ্রি. তারিখে শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত "ই-নথি কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা" সংক্রান্ত সভায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

৩.৪. মাউশি অধিদপ্তর তাদের মাঠ পর্যায়ের অফিসে ই-নথি সিস্টেম চালু করার লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করে দ্রুত ই-নথি সিস্টেম চালু করবে।

৩.৫ মাউশি অধিদপ্তর তাদের মাঠ পর্যায়ের অফিসে ই-নথি সিস্টেম কার্যক্রম মনিটরিং এর জন্য মনিটরিং উইং-কে দায়িত্ব প্রদান করবে।

০২। উপরোক্ত গৃহীত সিদ্ধান্তসমূহের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৪-৮-২০১৯

প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
পরিচালক

বিতরণ :

- ১) পরিচালক, প্রশিক্ষণ উইং, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ২) পরিচালক , মনিটরিং এন্ড ইভালুয়েশন উইং , মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

দৃষ্টি আকর্ষণঃ সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৬.৪৩.০০১.১৭.৬২/১(৫)

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৬

০১ আগস্ট ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) জনাব এ.টি.এম. আল ফাত্তাহ, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম
- ৩) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৪) পিএ টু পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
- ৫) অফিস কপি (এইচআরএম)।



৪-৮-২০১৯

মুহম্মদ নাসির উদ্দিন
উপ-পরিচালক

কেন্দ্রীয় কার্যক্রম

১৪৮২
২৯/৭/১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইসিটি অধিশাখা

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
মহাপরিচালকের দপ্তর

প্রাপ্তি নং
তারিখ:

পরিচালক
 প্রকল্প পরিচালক
 উপ-পরিচালক
 সহকারী পরিচালক

তারিখের মধ্যে
নথিতে দিবেন/আলাপ করুন।

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
পরিচালক (কলেজ ও প্রশাসন) এর দপ্তর

প্রাপ্তি নং
তারিখ:

উপ-পরিচালক (সংঃ পঃ)
 উপ-পরিচালক (ক-১)
 উপ-পরিচালক (ক-২)
 উপ-পরিচালক (এইচআরএম)

তারিখের মধ্যে নথিতে
দিবেন/আলাপ করুন।

১৭

AD-1 (HRM)
৩০.০৭.১৯

ই-নথি কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি ড. অরুণা বিশ্বাস
অতিরিক্ত সচিব

সভার তারিখ ১৩/০৫/২০১৯

সভার সময় সকাল ১১:৩০ ঘটিকায়

স্থান সভাকক্ষ

উপস্থিতি পরিশিষ্ট-"ক"


২. সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি উল্লেখ করেন বর্তমান সরকারের ডিজিটাল কার্যক্রমের অংশ হিসেবে সকল সরকারি অফিসে ই-নথি সিস্টেম কার্যক্রম বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে এবং এ বিষয়ে অগ্রগতি-প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হয়। তাই ই-নথি কার্যক্রম বাস্তবায়নের বিষয়টি দপ্তর/সংস্থাসমূহকে গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে। এ পর্যায়ে তিনি অত্র বিভাগের সিনিয়র সিস্টেম এনালিস্টকে সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সিনিয়র সিস্টেম এনালিস্ট মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও এর অধীন দপ্তর/সংস্থাসমূহের বিগত ছয় মাসের ই-নথি কার্যক্রমের প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। রিপোর্ট পর্যালোচনায় দেখা যায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর কার্যক্রম সন্তোষজনক। ব্যানবেইস, ডিআইএ, নায়েম, এনসিটিবি, আন্তর্জাতিক মাতৃভাষা ইন্সটিটিউট এবং শিক্ষা বোর্ডসমূহের কার্যক্রম সন্তোষজনক নয়। এছাড়া বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, এনটিআরসিএ, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী অবসর সুবিধা বোর্ড এবং কল্যাণ ট্রাস্ট লাইভে থাকলেও এদের কোন কার্যক্রম নেই। চট্টগ্রাম, বরিশাল এবং ময়মনসিংহ শিক্ষা বোর্ড এখনও লাইভে আসেনি।

এটুআই প্রোগ্রামের প্রতিনিধি জনাব এ.টি.এম. আল ফাত্তাহ উল্লেখ করেন যে, মাউশি অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসসমূহকে লাইভে আনার জন্য মাঠ পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণের আয়োজন করা প্রয়োজন। সরকারি স্কুল এবং কলেজসমূহকে ই-নথির আওতায় আনা যেতে পারে। ব্যানবেইস তাদের ১২৫টি উপজেলা অফিসের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ সম্পন্ন করেছে। এছাড়া শিক্ষা প্রকৌশল অধিদপ্তর হতে তাদের মাঠপর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জুলাই মাসে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। তিনি নায়েমের বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে ই-নথি বিষয়ক একটি মডিউল অন্তর্ভুক্তির বিষয়ে সভাপতির মাধ্যমে অনুরোধ জানান। মাউশি অধিদপ্তরকে তাদের মাঠপর্যায়ের অফিসে ই-নথি কার্যক্রম মনিটরিং এর জন্য মতামত ব্যক্ত করেন। তিনি উল্লেখ করেন ই-নথি সিস্টেম একটি নিরাপদ সিস্টেম যেখানে কোন নথি বা ডকুমেন্ট হারানোর বা তথ্য প্রকাশ হওয়ার সম্ভাবনা নেই।

সভাপতি উল্লেখ করেন ই-নথি কার্যক্রমের সুবিধা অনেক। একবার ব্যবহার করা শুরু করলে আর সমস্যা মনে হবেনা। তাছাড়া ই-নথি সিস্টেমে পৃথিবীর যেকোন স্থান হতে যেকোন সময় কাজ করার সুবিধা থাকায় দ্রুততার সাথে বিভিন্ন সিদ্ধান্ত বা নথি নিষ্পত্তি করা যায়। তিনি সকল দপ্তর/সংস্থা প্রধানগণকে যে সকল কাজ ই-নথিতে বাস্তবায়ন সম্ভব তা ই-নথিতে বাস্তবায়নের জন্য তাগিদ প্রদান করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

- ৩.১. চট্টগ্রাম, বরিশাল এবং ময়মনসিংহ শিক্ষা বোর্ড জুন ২০১৯ এর মধ্যে ই-নথি সিস্টেম চালু করবে;
 - ৩.২. যেসকল দপ্তর/অধিদপ্তর/সংস্থার কার্যক্রম সন্তোষজনক নয় এবং যারা এখনও কার্যক্রম চালু করেনি সেসকল প্রতিষ্ঠান জুন ২০১৯ এর মধ্যে তাদের কার্যক্রম সন্তোষজনকভাবে বাস্তবায়ন করবে;
 - ৩.৩. শিক্ষা বোর্ডসমূহ এটুআই এর সহায়তায় তাদের কর্মকর্তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবে;
 - ৩.৪. মাউশি অধিদপ্তর তাদের মাঠপর্যায়ের অফিসে ই-নথি সিস্টেম চালু করার লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করে দ্রুত ই-নথি সিস্টেম চালু করবে;
 - ৩.৫. মাউশি অধিদপ্তর তাদের মাঠপর্যায়ের অফিসে ই-নথি সিস্টেম কার্যক্রম মনিটরিং এর জন্য মিনিটরিং উইংকে দায়িত্ব প্রদান করবে;
 - ৩.৫. শিক্ষা প্রকৌশল অধিদপ্তর এবং ব্যানবেইস তাদের মাঠপর্যায়ের অফিসে দ্রুততার সাথে ই-নথি সিস্টেম চালু করবে;
 - ৩.৬. নায়েম তাদের বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে ই-নথি সিস্টেম বিষয়ক ১/২টি সেশন অন্তর্ভুক্তির উদ্যোগ গ্রহণ করবে
 - ৩.৭. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ই-নথি কার্যক্রম পর্যালোচনার জন্য সভা আহ্বান করতে হবে।
৪. পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 ড. অরুণা বিশ্বাস
 অতিরিক্ত সচিব


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০২৩.৯৯.০০৩.১৮.৩৮

তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪২৬
১৬ মে ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
- ২) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৩) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম
- ৪) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৫) ডেপুটি সেক্রেটারি জেনারেল, ডেপুটি সেক্রেটারি জেনারেল এর দপ্তর, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন
- ৬) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ৭) মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
- ৮) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী
- ৯) সচিব, সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ১০) উপসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১১) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
- ১২) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
- ১৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ১৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা
- ১৫) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
- ১৬) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

- ১৭) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
- ১৮) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
- ১৯) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
- ২০) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
- ২১) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
- ২২) পরিচালক, পরিচালকের দপ্তর, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর
- ২৩) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২৪) সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড
- ২৫) সদস্য সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট
- ২৬) ন্যাশনাল কনসালটেন্ট ফর ই-নথি ইমপ্লিমেন্টেশন, ই-সার্ভিস, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম
- ২৭) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



মোঃ মোফাখখারুল ইসলাম
সিনিয়র সিস্টেম এনালিস্ট